

পরিবর্তন

মোহাম্মদ আবদুর রায়ক

স্থানেন্দেশ, দি হেগ, হল্যান্ড; ১৯৭৪

নানা দেশ থেকে সরকারী বৃত্তিতে -

নেদারল্যান্ডসে এসেছি আমরা উচ্চ শিক্ষা নিতে।

ছ'মাসের এই প্রোগ্রামে মোরা মুসলিম তেরো জন -

ঈদের সকালে প্রিয়জনে স্বারি, বড় বিষন্ন মন।

কেউ বলে ভাই আজি এই দিনে দেশে যেতে মন চায়;

কেউ তাড়া দেয় 'নামাজে চলুন, সময় যে বয়ে যায়।'

এমন সময় নাক উঁচু এক আঁতেল বন্ধু বলে -

'ভেবেই পাইনা মানুষ কি করে ধর্মকে মেনে চলে।

ধর্ম কর্ম ভুজুং ভাজুং, শোষণের হাতিয়ার,

এসব ছাড়ুন, ভুলুন এবার ঈশ্বর, অবতার।

মায়ামী বীচ, ফ্লেরিডা, ১৯৮৬

কনফারেনসে আসিয়াছি জেনে পুরোনো বন্ধু এসে

ক্লান্ত বিকেলে টেনে নিয়ে গেলো কোন এক মজলিসে।

গিয়ে দেখি এক সৌম্য পুরুষ অতি উদাত্ত স্বরে,

সুলিলিত ঝাঙ্কারে -

ধর্মের কথা বলে চলেছেন অখ্য মনোযোগে।

'ধর্মে শান্তি, ধর্মেই সুখ, আনন্দ নাই ভোগে-

পশ্চিমী এই বস্ত্রবাদের মোহ ছেড়ে মোর ভাই,

আল্লাহর পথে ধাবমান হোন, সময় যে আর নাই।'

স্বরটা কেমন চেনা চেনা লাগে, ভালো করে চেয়ে দেখি -

এ যে মোর সেই আঁতেল বন্ধু, কাণ্ড অবাক একি !

জানা গেলো এক দুঘট্টিনায় তার পুরো পরিবার

মরতে মরতে বেঁচে গেছে; তাই খুলেছে দুঁচোখ তার।